# বৃষ্টি উপেক্ষা করে জনতার ঢল, বিকেলে ঐতিহাসিক 'জুলাই ঘোষণাপত্র' পাঠ করবেন প্রধান উপদেষ্টা



সংগৃহীত ছবি

জুলাই গণঅভ্যুত্থানের প্রথম বর্ষপূর্তিতে আজ (৫ আগস্ট) রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে আয়োজিত হচ্ছে '৩৬ জুলাই' উদযাপন অনুষ্ঠান। বৃষ্টিকে উপেক্ষা করে সেখানে জড়ো হয়েছে হাজারো জনতা। সন্ধ্যায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস পাঠ করবেন ঐতিহাসিক 'জুলাই ঘোষণাপত্র'। দিনব্যাপী আয়োজনে রয়েছে সংগীত, সাংস্কৃতিক পরিবেশনা ও নানা কর্মসূচি।

আজ মঙ্গলবার, ৫ আগস্ট—জুলাই গণঅভ্যুত্থানের এক বছর পূর্তি। দিনটি উদযাপন উপলক্ষে রাজধানীর মানিক মিয়া এভিনিউয়ে আয়োজন করা হয়েছে '৩৬ জুলাই' শীর্ষক বর্ণাঢ্য অনুষ্ঠান। সকাল থেকেই শুরু হয় জনতার আগমন। দুপুর ২টা পর্যন্ত টানা বৃষ্টির মধ্যেও মানুষের ঢল থামেনি। কেউ ছাতা নিয়ে, কেউ গাছের নিচে আশ্রয় নিয়ে মঞ্চের দিকে এগিয়ে যাচ্ছেন স্লোগানে মুখর হয়ে। অনেকে জাতীয় পতাকা গায়ে জড়িয়েছেন, কেউ আবার ধারণ করছেন জুলাই সনদের ব্যাজ।

আয়োজনে নেতৃত্বে রয়েছে সংস্কৃতি মন্ত্রণালয়। সহযোগিতায় বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এবং সার্বিক ব্যবস্থাপনায় রয়েছে বাংলাদেশ শিল্পকলা একাডেমি।

দিনভর কর্মসূচির মধ্যে রয়েছে ইসলামী সংগীত, সমসাময়িক গান, বক্তব্য, হিপহপ ও রক পারফর্ম্যান্স।

বিকেলে আসরের নামাজের বিরতির পর অনুষ্ঠানের সবচেয়ে গুরুত্বপূর্ণ মুহূর্ত—প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস পাঠ করবেন ঐতিহাসিক 'জুলাই ঘোষণাপত্র'। এ ঘোষণাপত্রে অন্তর্ভুক্ত থাকবে রাষ্ট্রগঠনের ভবিষ্যৎ রূপরেখা, নাগরিক অধিকার ও গণতন্ত্র রক্ষার অঙ্গীকার।